ফুটবল ইতিহাসে যে রের্ক্ড শুধুই নয়্যারের

ম্যানুয়েল নয়্যার। ২০১১ সালে কিংবদন্তি অলিভার কানের উত্তরসূরি হিসেবে যোগ দেন বায়ার্ন মিউনিখে। তার আগমনে কিংবদন্তি অলিভার কানের বিদায়ে যে সমস্যার সৃষ্টি হয়েছিল সেটির সমাধান হয়।

এরপর বায়ার্ন মিউনিখ এগিয়ে গেছে সামনে। ঘরোয়া লিগে প্রতিষ্ঠা করেছে একচ্ছত্র আধিপত্য। ইউরোপিয়ান প্রতিযোগিতায়ও নিজেদের জানান দিয়েছে ভালোভাবে। সেখানে নয়্যারও ভূমিকা রেখেছেন দারুণভাবে। বাভারিয়ানদের হয়ে জিতেছেন দুটি চ্যাম্পিয়নস লিগের শিরোপা।

২০১৩ সালে প্রথম আর রবিবার রাতে দ্বিতীয়টি। এর মধ্য দিয়ে ফুটবল ইতিহাসে একমাত্র গোলরক্ষক হিসেবে দুটি ট্রেবল জয়ের অনন্য কৃর্তি গড়লেন জার্মান এই গোলরক্ষক। তার আগে চ্যাম্পিয়নস লিগ ও ঘরোয়া দুটি লিগ ও কাপ জিততে পারেনি আর কোনও গোলরক্ষক। এমনকি কিংবদন্তি অলিভার কানও নন!
রবিবার পিএসজির বিপক্ষে অসাধারণ খেলেছেন নয়্যার। নেইমার ও কিলিয়ান এমবাপের দারুণ দারুণ শট রুখে দিয়েছেন।

চ্যাম্পিয়ন্স লিগের এই ফাইনাল ম্যাচে তিনি ৫০ বার বল স্পর্শ করেছেন। বক্সের মধ্যে তিনটি সেভ করেছেন। ৩০টি অ্যাকুরেট পাস দিয়েছেন (৭৭%)। ৮টি দিয়েছেন যথাযথ লং পাস। সব মিলিয়ে তার রেটিং ছিল ৭.৫। হয়েছেন ফাইনালের ম্যান অব দ্য ম্যাচ।

সূত্র- বিডি প্রতিদিন

মেহেরপুরের শিক্ষার্থীরা ফ্রি

[redacted]

[redacted]

ঘরে বসে দিন কাটাতে পারি না।

স্কুল বন্ধ, কোচিং বন্ধ, একা একা বাসাতে থাকতে থাকতে সময় যেনো আর যাই না তাই এই অনলাইন গেম ফ্রি ফায়ারে সবার সাথে যোগাযোগ করতে যেমন পারছি সেই সাথে বিনোদন ও নিতে পারছি। তারা আরও বলে এই গেম থেকে যখন বিনোদন নেওয়ার জন্য খেলতাম তখন কোনো খরচ ছিলো না।

আসতে আসতে যখন আমার এটার প্রতি আসক্ত হয়ে পড়ি তখন প্রতিটা ইভেন্টে ৪০০, ৫০০ টাকা খরচ না করলে যেনো হয়ই না। গেমটি তে প্রথমে কোনো খরচ লাগে না যখন গেমটিতে পুরো পুরি ভাবে মনোযোগ দিয় তখন দেখি গেমের ভিতরে এমন কিছু জিনিজ আছে যে গুলো না কিনলে নয়। যেমন, অলকের দাম ৪০০ টাকা, একটা প্লিয়ারে জারছি ৩০০ টাকা নতুন ইভেন্ট আসলেই ২০০০ এর নিচে যাইনা। সম্পূর্ণ ড্রেস কিনতে লাগে ১২০০ টাকা আর রেগুলার ইভেন্টের কথা তো বাদই থাকে।

মেহেরপুরের ক্রিয়া সংগঠক শাহিনুর রহমান রিটন জানান, মেহেরপুরে ক্রীড়া সংস্থাগুলো করোনাভাইরাস এর জন্য বন্ধ আছে তার সাথে স্কুল-কলেজ বন্ধ তাই সকল প্লেয়ার বা ছাত্ররা দীর্ঘ সময় বাড়িতে কাটাচ্ছে। তখন তারা এন্ড্রয়েড ফোন পেয়ে অনলাইন গেমস বা ফ্রী ফায়ার ও পাবজি নিয়ে পড়ে থাকে। এতে এতটাই আসক্ত হয়ে পড়ে রয়েছে যেখান থেকে বাহির হওয়া খুবই দায়। মেহেরপুরের ক্রীড়া সংস্থাগুলোতে খেলোয়ার নিয়েও আশঙ্খায় আছেন তিনি।

উপজেলা মাধ্যমিক অফিসার আনোয়ার হোসেনের সাথে এ বিষয়ে কথা হলে তিনি জানান, দীর্ঘদিন শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে লেখাপড়ায় অনেক ক্ষতি হয়েছে বাসাতে শিক্ষার্থীরা থাকলেও লেখাপড়া তেমন কেউ করছে না। তারি ভিতরে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে দেখছি অনলাইন গেম ফ্রি ফায়ার ও পাবজি গেম এর প্রতি আসক্ত অনেক শিক্ষার্থী। যেটা অনেক খারাপ প্রভাব পড়েছে লেখাপড়ার দিক দিয়ে।

আপনারা জানেন জে. এস. সি, এস.এস.সি, এইচ.এস.সি পরীক্ষা সাময়িক ভাবে বন্ধ আছে। তাই শিক্ষার্থীরা অমনোযোগী হয়ে পড়েছে লেখাপড়ার দিকে। তার ভিতরে আবার এই অনলাইন গেমস ফ্রী ফায়ার ও পাবজি যেটাতে আসক্ত সব বয়সের শিক্ষার্থীরা।

ক্রলির ডাবল সেঞ্চুরিতে রানের পাহাড়ে ইংল্যান্ড, কোণঠাসা পাকিস্তান

তৃতীয় টেস্টে ইংল্যান্ডের দুই ব্যাটসম্যান জ্যাক ক্রুলি এবং জস বাটলারের ব্যাটিংয়ে কোণঠাসা পাকিস্তান। ক্রুলির ডাবল সেঞ্চুরি আর বাটলারের সেঞ্চুরিতে পাকিস্তানের বিপক্ষে প্রথম ইনিংসে রানের পাহাড় গড়ার পথে ইংল্যান্ড।

এই রিপোর্ট লেখা পর্যন্ত ইংল্যান্ডের সংগ্রহ ৫ উইকেটে ৪৮৮ রান। ২৬৭ রানে ক্রুলি আউট হলেও ১৩৯ রানে ব্যাট করছেন জস বাটলার।

আন্তর্জাতিক ক্রিকেট ক্যারিয়ারের প্রথম সেঞ্চুরিকে ডাবলে পরিণত করলেন জ্যাক ক্রলি। পাকিস্তানের বিপক্ষে সাউদাম্পটন টেস্টে নতুন মাইলফলক স্পর্শ করলেন ২২ বছর বয়সী ইংলিশ এ তরুণ ব্যাটসম্যান। ১৯৭৯ সালের পর ইংল্যান্ডের সবচেয়ে কম বয়সী হিসেবে ডাবল সেঞ্চুরির নজির স্থাপন করেছেন ক্রলি। ১৯৭৯ সালে ক্যারিয়ারের ১২তম টেস্টে ভারতের বিপক্ষে বার্মিংহামে সেঞ্চুরি করেছিলেন ডেভিড গাওয়ার।

শুক্রবার প্রথম দিনে ৪ উইকেটে ৩৩২ রান সংগ্রহ করে ইংল্যান্ড। আগের দিনে ১৭১ রানে অপরাজিত থাকা ক্রলি শনিবার ব্যাটিংয়ে নেমে মধ্যাহ্ন ভোজের পরপরই ডাবল সেঞ্চুরির মাইলফলক স্পর্শ করেন।

অবশ্য লাঞ্চের কিছু আগেই টেস্ট ক্যারিয়ারের দ্বিতীয় সেঞ্চুরি তুলে নেন ইংল্যান্ডের উইকেটকিপার ব্যাটসম্যান জস বাটলার।

এর আগে প্রথম টেস্টে হার, দ্বিতীয় টেস্ট ভেসে গিয়েছিল বৃষ্টিতে। তৃতীয় টেস্টেও বৃষ্টির হানা। তবে বৃষ্টির চোখ রাঙানি কাটিয়ে মাঠে চলছে ইংল্যান্ড-পাকিস্তানের লড়াই।

পাকিস্তানের হয়ে ইয়াসির শাহ ২টি, ১টি করে উইকেট নেন শাহিন শাহ আফ্রিদি, আসাদ শফিক এবং নাসিম শাহ।

সূত্র- বিডি প্রতিদিন

রদবদলের পথে বার্সা, প্রয়োজনে বেঞ্চে বসে থাকতেও রাজি সুয়ারেজ

নতুন মৌসুমে বড়সড় রদবদলের দিকে হাঁটছে স্প্যানিশ জায়ান্ট ক্লাব বার্সেলোনা। ক্লাবটির সভাপতি জোসেফ বার্তোমেউ জানিয়েছেন, নতুন মৌসুমের জন্য মাত্র পুরোনো দলের মেসিসহ মাত্র সাতজনকে রেখে বাকিদের ছেড়ে দিতে চান তিনি। আর সে তালিকায় নেই লুইস সুয়ারেজের নাম। ফলে ক্লাব ছাড়ার সংশয় রয়েছে এই উরুগুইয়ানের।

তবে সুয়ারেজ জানিয়েছেন, ক্লাব ছাড়তে রাজি নন তিনি। প্রয়োজনে সামনের মৌসুম কাতালান ক্লাবের বেঞ্চে বসে কাটিয়ে দিতে রাজি তিনি।

স্প্যানিশ পত্রিকা এল পাইসের সঙ্গে সাক্ষাৎকারে এমন তথ্য জানিয়েছেন সুয়ারেজ। তার ভাষ্যে, ‘সভাপতি কিছু নাম বলেছেন, সেগুলো নিয়ে কথা হচ্ছে। এছাড়া ক্লাবে কিছু পরিবর্তনেরও কথা হচ্ছে। তবে আমাকে ক্লাব ছাড়ার কথা এখনো কেউ বলেনি।’
ক্লাবে থাকতে চান জানিয়ে সুয়ারেজ আরও যোগ করেন, ‘যদি আমাকে ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নেয়, তাহলে দায়িত্বশীল ব্যক্তিরা সেটা আমাকে জানিয়ে দিলে ভালো হবে। এভাবে নাম প্রকাশ না করে ওইভাবে কাজটা করলে ভালো হয়। তবে আমি দলের ভালো চাই এবং আমি ক্লাবেই থাকতে চাই।’

বার্সেলোনার এই স্ট্রাইকার আরও জানান, প্রয়োজনে বেঞ্চে বসে কাটাবেন সামনের মৌসুম। তার ভাষ্যে, ‘আমার ক্যারিয়ারের বিভিন্ন সময়ে বেঞ্চে বসে থাকার বিষয়টিকে মেনে নিয়েছি। আমি মনে করি, আমার এখনো অনেক কিছু দেওয়ার আছে। তবে আগামী মৌসুমে বেঞ্চে বসে থাকতে হলেও আমার কোনো সমস্যা নেই।’ সূত্র- বিডি প্রতিদিন

[redacted]

[redacted]

[redacted]

রিপাবলিকে ক্রিকেট খেলা শুরু। আমি যেখানে চাকরি করতাম সেখানের এক পাকিস্তানি সহকর্মী আমার ক্রিকেট খেলতে পারার কথা জানতে পেরে লিগে খেলার জন্য নিয়ে যান। সম্ভবত ২০১৯-এর এপ্রিলের মাঝামাঝি চেক রিপাবলিকের দ্বিতীয় বিভাগের টুর্নামেন্টের একটা ম্যাচ দিয়ে আমার খেলা শুরু হয়। দ্বিতীয় বিভাগের লিগে চ্যাম্পিয়ন হয়ে উত্তীর্ণ হয়ে প্রথম বিভাগে খেলার যোগ্যতা অর্জন করি। এখানেও আমরা প্রথমবারের মত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করি। তারপর থেকেই অনেকটা নিয়মিত ক্রিকেট খেলছি।

তিনি বলেন, চেক রিপাবলিক ২০০৮ সাল থেকে ক্রিকেট খেলছে। এবারই একটু ভালো মতো প্রস্তুতি নিয়ে টি-টোয়েন্টি বিশ্বকাপের বাছাই পর্ব খেলতে নামছে। তার আগে আগামী এপ্রিলের ২৬ তারিখ থেকে শুরু হবে ন্যাশনাল লিগের খেলা। তারপরে জুনে বিশ্বকাপের বাছাই পর্বে অংশ নেবে চেক রিপাবলিক জাতীয় ক্রিকেট দল। আশা করছি, এই বাছাই পর্বের ম্যাচেই অভিষেক হবে। তার কাছ থেকে জানা যায়, চেক রিপাবলিকের ক্রিকেট দলের আসন্ন ম্যাচগুলোর মধ্যে রয়েছে আগামী ৮ জুন ২০২০ মেন্স টি-টোয়েন্টি ওয়ার্ল্ড কাপ ইউরোপিয়ান কোয়ালিফায়ার। আয়োজনে বেলজিয়াম এবং মে ২০২০ মেলবোর্ন ক্রিকেট ক্লাবের সঙ্গে প্রীতি ম্যাচ, যা অনুষ্ঠিত হবে ডেনমার্কে।

ক্রিকেটার হিসেবে নিজের লক্ষ্যের বিষয়ে সুহাস বলেন, ছোটবেলা থেকেই স্বপ্ন ছিল ভালো ক্রিকেটার হওয়ার। ২০০৯ সালে পড়াশোনার জন্য লন্ডনে চলে আসি। এরপর পড়াশোনার সাথে চাকরি করা, সব মিলিয়ে ক্রিকেটে খুব একটা সময় দেওয়া হচ্ছিল না। তারপরেও ছোটবেলার স্বপ্নকে সঙ্গী করে ইংল্যান্ডের আন্তঃবিশ্ববিদ্যালয় পর্যায়ে ক্রিকেট খেলেছি। সেখানে সফলতা পেলেও পড়াশোনা আর চাকরির ব্যস্ততায় ক্রিকেটটা চালিয়ে নিতে পারিনি। তবে, ভালো কোথাও খেলার আশা ছেড়ে দিইনি। পরবর্তীতে ২০১৬ সালের শেষের দিকে ইংল্যান্ড থেকে চেক রিপাবলিকে চলে আসি। এখানে গ্রীণকার্ড পাওয়ার পরে খেলার সুযোগ হয়। তারপরেই জাতীয় টিমের হয়ে খেলার জন্য আনুষ্ঠানিকভাবে সুযোগ পেয়েছি। এখন লক্ষ্য চেকের ক্রিকেটকে আরো অনেক দূর নিয়ে যাওয়া এবং ব্যাট ও বল হাতে নিয়মিত ভালো পারফরম্যান্স করা।

চেক রিপাবলিকের জন্য ভালো খেলার ইচ্ছা থাকলেও সুহাসের স্বপ্ন বাংলাদেশ জাতীয় দলের হয়ে খেলার। এ বিষয়ে তিনি বলেন, যে কোনো দেশের জাতীয় দলের হয়ে খেলাটায় একটা স্বপ্নের মত ব্যাপার। বাংলাদেশের হয়ে খেলাটা তো আমার আজন্মের স্বপ্ন। কখনও যদি

বাংলাদেশের হয়ে সুযোগ পাই, অবশ্যই খেলবো। মাতৃভূমির হয়ে খেলতে পারাটা হবে আমার জন্য পরম সৌভাগ্যের এবং গৌরবের।

সুহাসের বড় ভাই সমকালের সাহিত্য সাংবাদিক হাসনাত শাহিন বলেন, সুহাস ছোটবেলা থেকেই ক্রিকেটের প্রতি আসক্ত ছিল। সে ইউরোপের একটি দেশের জাতীয় দলে খেলার সুযোগ পেয়েছে এটা মেহেরপুরের জন্য গর্বের বিষয়। সকলের কাছে তার জন্য দোয়া চেয়ে শাহিন আরও বলেন, বড় ভাই হিসেবে আমার একটায় চাওয়া সে যেনো আরও এগিয়ে যায়।

মেহেরপুরের ক্রিয়া সংগঠক ও প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন বলেন, মেহেরপুর জেলার ক্রিয়াঙ্গনের অচলাবস্থার মধ্যেও সুহাসের আন্তর্জাতিক অর্জণ মেহেরপুরবাসীকে গর্বিত করেছে। তার জন্য শুভকামনা।

মেপ্র/এমএফআর

পাকিস্তানের টি-টোয়েন্টি দল ঘোষণা, ফিরলেন সরফরাজ

পাকিস্তান টি-টোয়েন্টি দলে আবারও জায়গা করে নিলেন সরফরাজ আহমেদ। গত বছর পাকিস্তান দলে নিজের নেতৃত্ব হারানোর পর প্রথমবার টি-টোয়েন্টি দলে সুযোগ পেলেন তিনি। অন্যদিকে, ইংল্যান্ডের বিপক্ষে ঘোষিত ১৭ সদস্যের এই দলে নিজেদের জায়গা ধরে রেখেছেন মোহাম্মদ হাফিজ ও শোয়েব মালিক।

অভিজ্ঞ এই অলরাউন্ডারদের গত জানুয়ারিতে দেশের মাটিতে বাংলাদেশের বিপক্ষে তিন ম্যাচ টি-টোয়েন্টি সিরিজে ডাকা হয়েছিল।

ইংলিশদের বিপক্ষে চলমান টেস্ট সিরিজের দলের বাইরে থেকে এই দলে নেওয়া হয়েছে হায়দার আলী, হারিস রউফ ও ওহাব রিয়াজকে। দলে ফিরলেন ওপেনার ফখর জামান। তবে ঘরোয়া লিগ পিএসএলে বাবর আজম ও শাদাব খানের পর তৃতীয় সর্বোচ্চ রান সংগ্রহকারী শান মাসুদ বাদ পড়েছেন।

সিরিজের তিনটি ম্যাচই ওল্ড ট্রাফোর্ডে অনুষ্ঠিত হবে। যেখানে ২৮

আগস্ট প্রথম টি-টোয়েন্টি মাঠে গড়াবে।

পাকিস্তান টি-টোয়েন্টির দল:
বাবর আজম (অধিনায়ক), ফখর জামান, হায়দার আলি, হারিস রউফ, ইফতিখার আহমেদ, ইমাদ ওয়াসিম, খুশদিল শাহ, মোহাম্মদ হাফিজ, মোহাম্মদ হাসনাইন, মোহাম্মদ রিজওয়ান, মোহাম্মদ আমির, নাসিম শাহ, সরফরাজ আহমেদ, শাদাব খান, শাহিন শাহ আফ্রিদি, শোয়েব মালিক ও ওয়াহাব রিয়াজ।

সূত্র- বিডি প্রতিদিন

টি-টোয়েন্টি ক্রিকেটে নতুন ইতিহাস গড়লেন রশিদ খান

টি-টোয়েন্টি ক্রিকেটে বর্তমান সময়ে অন্যতম সেরা স্পিনার রশিদ খান। করোনা বিরতিও তার ঘূর্ণিকে দমাতে পারেনি। বরং কয়েক মাস পর ক্রিকেটে ফিরেই দুটি অসাধারণ রেকর্ডে নাম লেখালেন এই আফগান স্পিনার।

বৃহস্পতিবার ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগে (সিপিএল) সেন্ট লুসিয়া জুকসের স্বদেশী অলরাউন্ডার মোহাম্মদ নবীকে আউট করে টি-টোয়েন্টিতে সবচেয়ে কম বয়সে এবং সবচেয়ে দ্রুততম সময়ে ৩০০ উইকেটের রেকর্ড গড়েছেন রশিদ খান।

রশিদ খানের রেকর্ড গড়ার ম্যাচটি অবশ্য জিততে পারেনি তার দল বার্বাডোজ ট্রাইডেন্ট। আসরের পঞ্চম ম্যাচটি বৃষ্টি আইনে ৭ উইকেটে জিতে নিয়েছে সেন্ট লুসিয়া জুকস। শুরুতে ব্যাট করে ট্রাইডেন্ট ৭ উইকেটে ১৩১ রান তুলেছিল। কিন্তু বৃষ্টির কারণে সেন্ট লুসিয়া জুকসের সামনে লক্ষ্য কমে দাঁড়ায় ৫ ওভারে ৪৭ রান। জবাব দিতে নেমে রাখিম কর্নওয়েল, আন্দ্রে ফ্লেচার এবং মোহাম্মদ নবীর ঝড়ো ব্যাটিংয়ে ৪.১ ওভারেই জিতে যায় সেন্ট লুসিয়া জুকস।

ম্যাচ হালেও মাত্র ২১ বছর ৩৩৫ দিন বয়সী রশিদ এদিন টি-টোয়েন্টিতে

নিজের ৩০০তম উইকেটের দেখা পেয়েছেন। এই রেকর্ড তিনি গড়েছেন সবচেয়ে দ্রুততম সময়ে। টি-টোয়েন্টিতে ৩০০ উইকেটের দেখা পেতে তিনি খেলেছেন ২১৩ ম্যাচ। এত কম ম্যাচে ৩০০ উইকেট প্রাপ্তির কীর্তি নেই আর কোনো বোলারের।

সূত্র- বিডি প্রতিদিন

মেহেরপুর বনাম রাধাকান্তপুর প্রীতি ফুটবল ম্যাচ

মেহেরপুরের রাধাকান্তপুর একাদশ ও মেহেরপুর ফুটবল একাদশ এর মধ্যে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকালে রাধাকান্তপুর হাফিজিয়া মাদ্রাসা ফুটবল মাঠে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় রাধাকান্তপুর একাদশ ও মেহেরপুর ফুটবল একাদশ ২ – ২ গোলে ম্যাচ ড্র হয়।

প্রথমার্ধে ১-০ গোলে এগিয়ে ছিল রাধাকান্তপুর। বিরতির পর মেহেরপুর একাদশ পক্ষে রাজা ২ গোল করে ম্যাচ কে এগিয়ে রাখলেও শেষ ১ মিনিটে রাধাকান্তপুরের পক্ষে শাহীনের গোলের মাধ্যমে ম্যাচটি ড্র ঘোষিত হয়।

রাধাকান্তপুর দলের পক্ষে আজিজ ও শাহীন একটি করে গোল করেন। মেহেরপুরের পক্ষ থেকে রাজা ২ গোল করেন। খেলা পরিচালনায় ছিলেন রিপন।

মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]

[redacted]

এই চারজনকে সদস্য হিসেবে নিয়োগের সুপারিশ করেছেন এসিবি চেয়ারম্যান ফারহান ইউসুফজায়ী এবং অনুমোদন দিয়েছেন প্যাট্রন-ইন-চিফ এইচ.ই মোহাম্মদ আশরাফ গনি।

৩৫ বছর বছর বয়সী তারকা এখনও আফগান জাতীয় দলের হয়ে খেলে যাচ্ছেন।

গত বছর সেপ্টেম্বরে বাংলাদেশের সঙ্গে এক ম্যাচের টেস্ট খেলে সাদা পোশাকের ক্রিকেটকে বিদায় জানান নবী। অবশ্য সীমিত ওভারের আন্তর্জাতিক ক্রিকেট খেলে যাচ্ছেন তিনি। এছাড়া খেলছেন বিভিন্ন ফ্র্যাঞ্জাইজি ক্রিকেটও।

সূত্র- বিডি প্রতিদিন